



বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪, ৫৫০১১৮৫২, ৯১৪৩৪৯৫
Email: bfdc_64@yahoo.com, Fax: 880-02-55011853

পত্র নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৮. ৫১৫

তারিখঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ।


বিষয়ঃ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মপ্রাম এর পত্র নং ৩৩.০০.০০০০.১৫২.১৬.০০২.১৭.২০; তারিখঃ ২৫/০৭/২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী পরবর্তী সদয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে।

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


দিলদার আহমদ
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
ফোনঃ ৯১৪০৮০১।

দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি)।





বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪, ৫৫০১১৮৫২, ৯১৪৩৪৯৫
Email: bfdc_64@yahoo.com, Fax: 880-02-55011853

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি : পরিচালক (ক্রয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার।
সভার স্থান : কর্পোরেশনের সভাকক্ষ।
তারিখ : ২৭/০৯/২০১৮ খ্রিঃ।
সময় : বেলা ১০:৩০ ঘটিকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।

০১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি বলেন যে, উদ্ভাবন কর্মপরিকল্পনার উদ্দেশ্য হল সরকারি দপ্তরে উদ্ভাবনী কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ করা। এ লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত উদ্ভাবনী চিন্তা-ভাবনা থাকতে হবে। কর্পোরেশনের সেবা প্রদান প্রক্রিয়া সহজে ও দ্রুত সময়ে সম্পাদন করে কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনা ইনোভেশন টিমের দায়িত্ব। অতঃপর সভাপতি বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ সামগ্রিক অগ্রগতি আলোচনা করেন।

০২। সভায় উপস্থিত সদস্যদের সাথে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৮-২০১৯ সালের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	বাস্তবায়িত	---	পরিকল্পনা বিভাগ
	১.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	---	---	---
	১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ	বাস্তবায়িত	----	পরিকল্পনা ও প্রশাসন বিভাগ
২	২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ১০টি সভার আঙ্গানের নির্দেশনা রয়েছে। গত জুলাই ও আগস্ট মাসে ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রতি মাসে ০১টি সভা অনুষ্ঠিত হতে হবে।	পরিকল্পনা বিভাগ
	২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	গত আগস্ট মাসের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। যা বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে।	প্রতি মাসের সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ

কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২	৩	৪	৫
৩.১ এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার	০১ দিনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফলভাবে আয়োজন করা।	ওরিয়েন্টেশন এর জন্য প্রয়োজনীয় পেপার তৈরি করতে হবে।	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
৩.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন	০২ দিনের প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করা।	ইউ-নোটের মাধ্যমে মাননীয় চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
৩.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন	০৫ দিনের প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করা।	ইউ-নোটের মাধ্যমে মাননীয় চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
৩.৪ উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর	উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।	বাজেট তৈরি করে ভারত/নেপাল-এ বাইরোডে উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের শিক্ষা সফরের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
৪.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ	বাস্তবায়িত	----	পরিকল্পনা বিভাগ
৪.২ উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) জমা রাখা	বাস্তবায়িত বিভিন্ন কেন্দ্র থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক আইডিয়া ব্যাংকে জমা রাখা ধারণাগুলোর তালিকা নিম্নরূপঃ	----	পরিকল্পনা বিভাগ
	ক্র নং	গৃহীতব্য বিষয়	প্রেরিত বিভাগ/কেন্দ্র
	১	কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (এক্সেল) এর ব্যবহার।	অর্থ নিয়ন্ত্রক বামউক, ঢাকা।
	২	ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহন।	ব্যবস্থাপক মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার বামউক, কক্সবাজার।
	৩	আড়ৎদার ও পাইকারদের সাথে যোগাযোগের জন্য সামাজিক মাধ্যম ব্যবহার করা।	ব্যবস্থাপক মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, বামউক, খুলনা।

২৭/১১/১৬

জাতিসংঘ
স্বাক্ষরিত পরিকল্পনা কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
১৫ আগস্ট বাজার, ঢাকা-১২১৫

মোঃ শামসুজ্জামান
ব্যবস্থাপক
পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা

কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২	৩	৪	৫
৫.১ ন্যূনতম ০২ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	অর্থ ও বিপণন বিভাগ জানান যে, বণিত বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।	প্রতি মাসের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে জানাতে হবে।	অর্থ ও বিপণন বিভাগ
৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	গত ২৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখে পরিচালক (অর্থ) মহোদয়, খুলনা কেন্দ্র পরিদর্শনের সময় চলমান উদ্ভাবনী উদ্যোগসহ কেন্দ্রের সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করেন।	দাপ্তরিক কাজে কেন্দ্রসমূহ পরিদর্শনের সময় চলমান উদ্ভাবনী উদ্যোগ দুটি সরেজমিনে পরিদর্শনের জন্য পত্র দিতে হবে।	পরিকল্পনা বিভাগ
৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ	আগামী ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে। কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ০৩টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কাজ চলমান রয়েছে। পাইলটিং কাজ সফলভাবে বাস্তবায়ন শেষে পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি করতঃ ওয়েবসাইটে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হবে।	পাইলটিং কাজ সফলভাবে বাস্তবায়ন শেষে পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি করতঃ যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
৬.১ ন্যূনতম ০১টি ইনোভেশন শোকেসিং আয়োজন	আগামী ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি ইনোভেশন শোকেসিং আয়োজন করার নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় ইনোভেশন শোকেসিং এর জন্য মাল্টি-চ্যানেল তৈরির পূর্বের ও পরের তুলনামূলক চিত্র তৈরি করে ইনোভেশন শোকেসিং আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন।	নির্দেশনা অনুসারে ইনোভেশন শোকেসিং কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ
৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেল্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	বর্তমানে উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কার্যক্রম চলমান রয়েছে। পাইলটিং কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন হলে রেল্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে।	নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ
৭.১ ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত	বিপণন বিভাগ জানান যে, কুটা মাছ বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, কুটা মাছ খোয়া ও কাটার জন্য আধুনিক মেশিনের ব্যবহার করতে হবে।	ঢাকা শহরে কুটামাছ বিক্রির কার্যক্রম সফল হলে তা বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিপণন বিভাগ
৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা	আগামী ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করার নির্দেশনা রয়েছে। কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ০৩টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কাজ চলমান রয়েছে। পাইলটিং কাজ বাস্তবায়ন শেষে উদ্ভাবনী উদ্যোগটি ডকুমেন্টেশন তৈরির কার্যক্রম গ্রহণ করতে হবে।	এখন থেকে উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরির কাজ শুরু করতে হবে।	অর্থ, বিপণন ও পরিকল্পনা বিভাগ
৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণ	বাস্তবায়িত	-----	পরিকল্পনা বিভাগ
৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন	বছরে ০২ দিনের ০২টি মেন্টরিং কর্মশালার আয়োজনের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান যে, এটুআই থেকে যারা ইনোভেশন এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন মূলত তারাই মেন্টরিং করবে।	মেন্টর কর্মশালা আয়োজনের জন্য এটুআইকে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন বিভাগ

কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	
২	৩	৪	৫	
৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট/ পুরস্কার প্রদান	বছরে ০৩ জন উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ফ্রেস্ট প্রদান করার নির্দেশনা রয়েছে। প্রশাসন বিভাগ থেকে উপসচিব বলেন যে, বছর শেষে উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট/ পুরস্কার প্রদান করা হবে।	বছরে ০৩ জন উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ফ্রেস্ট প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ	
৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	০৩ জন উদ্ভাবককে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, রাজ্যমাটি অথবা কক্সবাজারে শিক্ষা সফরের আয়োজন করা যেতে পারে।	০৩ জন উদ্ভাবককে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ	
৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	০১ জন উদ্ভাবকের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবকের বিদেশে শিক্ষা সফরের আয়োজন করা যেতে পারে।	০১ জন উদ্ভাবককে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের ব্যবস্থা মন্ত্রণালয়ের মাধ্যমে করতে হবে।	প্রশাসন বিভাগ	
১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দের নির্দেশনা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হবে।	অর্থ বিভাগ সংশোধিত বাজেটে ১ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	অর্থ বিভাগ	
১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না।	বাজেটে ব্যয়ের প্রাক্কলন (ট্রেনিং/কর্মশালা/শিক্ষা সফর) খাতওয়ারী খরচ নির্ধারণ করতে হবে।	অর্থ, প্রশাসন ও পরিকল্পনা বিভাগ	
১১	১১.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর	০২টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করার নির্দেশনা রয়েছে। ভ্যালু এডেড ফিশ প্রোডাক্ট নিয়ে বিভিন্ন কোম্পানির সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে।	০২টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
১২	১২.১ তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ	আগামী ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী প্রতি মাসে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদ করা হচ্ছে।	প্রতি মাসে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
১৩	১৩.১ ই-সেবা তৈরি ও বাস্তবায়ন করা	আগামী ১৫/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি ই-সেবা বাস্তবায়িত করার নির্দেশনা রয়েছে। বিপণন বিভাগ জানান যে, on-line মাছ বিক্রির কার্যক্রম একটি ই-সেবা। যার কার্যক্রম চলমান রয়েছে।	উক্ত সেবাটি চলমান রাখতে হবে।	বিপণন ও প্রশাসন বিভাগ
১৪	১৪.১ ন্যূনতম ০১টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন	আগামী ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি সেবা সহজিকরণ ও বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। হিসাব বিভাগ থেকে গ্র্যাচুইটি সংক্রান্ত মঞ্জুরি আদেশ ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।	উক্ত সেবাটি চলমান রাখতে হবে।	হিসাব বিভাগ

২৭/১২/১৮

মোঃ শামসুজ্জামান

ব্যবস্থাপক
পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা

ক্রম	কার্যক্রম (Activities)	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১৫	১৫.১ আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ	গত ১৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ করার নির্দেশনা রয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রমের কর্মসম্পাদন সূচক হলো আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মপরিকল্পনা প্রণীত। যা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১৫.২ আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	কার্যক্রম চলমান রয়েছে।	কার্যক্রম চলমান রাখতে হবে।	পরিকল্পনা বিভাগ
১৬	১৬.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন	আগামী ৩১/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে।	যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যথাসময়ে প্রেরণ করা হবে।	পরিকল্পনা বিভাগ
	১৬.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন	আগামী ১৫/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে।	যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১৬.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যথাসময়ে প্রেরণ করা হবে।	পরিকল্পনা বিভাগ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৮/১৮
 জামিলা বেগম
 ইনোভেশন কর্মপরিকল্পনা কমিটির
 পরিচালক (ক্রয় ও বিপণন)
 বামউক, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-১২০০

২৭/০৮-১৮
 মোঃ শামসুজ্জামান
 ব্যবস্থাপক
 পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা

২৭/৮
 (রঞ্জিত কুমার)
 যুগ্ম সচিব
 পরিচালক (ক্রয় ও বিপণন)
 ও
 ইনোভেশন অফিসার
 কেন্দ্রীয় ইনোভেশন কমিটি।